# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় সিয়াম (রোযা)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৪২. রমযানের শেষ দশ রাতে রাসূল (সা.) কী ধরনের ইবাদত করতেন?

তাঁর ইবাদতের অবস্থা ছিল নিম্নরূপ:

১. প্রথম ২০ রাত রাসূল (সা.) পূর্ণ রাত জাগরণ করতেন না। কিছু সময় ইবাদত করতেন, আর কিছু অংশ ঘুমিয়ে কাটাতেন। কিন্তু রমযানের শেষ দশ রাতে তিনি বিছানায় একেবারেই যেতেন না। রাতের পুরো অংশটাই ইবাদত করে কাটাতেন। সে সময় তিনি কুরআন তিলাওয়াত, সালাত আদায়, সদাকা প্রদান, যিকর, দুআ, আত্মসমালোচনা ও তাওবাহ করে কাটাতেন। আল্লাহর রহমতের আশা ও তার গজবের ভয়ভীতি নিয়ে সম্পূর্ণ খুশুখুজু ও বিনম্রচিত্তে ইবাদতে মশগুল থাকতেন।

২. হাদীসে এসেছে, সে সময় তিনি শক্ত করে তার লুঙ্গি দ্বারা কোমর বেঁধে নিতেন। এর অর্থ হলো, রাতগুলোতে তার সমস্ত শ্রম শুধু ইবাদতের মধ্যেই নিমগ্ন ছিল। নিজে যেমন অনিদ্রায় কাটাতেন তাঁর স্ত্রীদেরকেও তখন জাগিয়ে দিতেন ইবাদত করার জন্য।

৩. কদরের রাতের ইবাদতের সুযোগ যাতে হাতছাড়া হয়ে না যায় সে জন্য রাসূল (সা.) শেষ দশদিনের পুরো সময়টাতে ই'তিকাফরত থাকতেন। (মুসলিম- ১১৬৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=15227

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন